# ঢাকা-ইসলামাবাদের সরাসরি ফ্লাইট শিগগিরই চালু হবে: পাকিস্তানের বাণিজ্যমন্ত্রী



সংগৃহীত ছবি

চট্টগ্রামে ব্যবসায়ীদের সঙ্গে বৈঠকে পাকিস্তানের বাণিজ্যমন্ত্রী জাম কামাল খান জানিয়েছেন, খুব শিগগিরই ঢাকা-ইসলামাবাদের মধ্যে সরাসরি ফ্লাইট চালু হবে। কৃষি, বিজ্ঞানসহ বিভিন্ন খাতে যৌথ বিনিয়োগ ও সহযোগিতার উদ্যোগ নেওয়া হচ্ছে। আগামী ২৪ আগস্ট জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ চুক্তি সই হবে বলে তিনি জানান।

বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে সরাসরি আকাশ যোগাযোগ চালু হতে যাচ্ছে খুব শিগগিরই। শুক্রবার (২২ আগস্ট) সকালে চট্টগ্রাম চেম্বার অব কমার্স মিলনায়তনে ব্যবসায়ীদের সঙ্গে মতবিনিময়কালে এ ঘোষণা দেন সফররত পাকিস্তানের বাণিজ্যমন্ত্রী জাম কামাল খান।

তিনি বলেন, দুই দেশের মধ্যে কৃষি, বিজ্ঞান ও প্রযুক্তিসহ বিভিন্ন খাতে যৌথভাবে কাজ করা এবং বিনিয়োগের ব্যাপক সুযোগ রয়েছে। এ লক্ষ্যেই আগামী ২৪ আগস্ট বাংলাদেশ-পাকিস্তান জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ চুক্তি সই করবে। এর মাধ্যমে স্বল্প সময়ের মধ্যেই বাণিজ্য ও বিনিয়োগের একটি পূর্ণাঙ্গ রোডম্যাপ তৈরি করা হবে।

জাম কামাল খান আরও জানান, বাণিজ্যিক সম্ভাবনা বাড়াতে জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ ও জয়েন্ট ইকোনমিক কমিশন সক্রিয়ভাবে কাজ করবে। পাশাপাশি চট্টগ্রাম ও করাচির মধ্যে সরাসরি ফিডার সার্ভিস চালুর উদ্যোগ নেওয়া হচ্ছে, যা দুই দেশের ব্যবসা-বাণিজ্যকে আরও লাভজনক ও সহজ করবে।

LENS ASIA